

দলীয় কর্মীদের শিবির
বানিয়ে পেট্রোল ছাত্রলীগ

বিদ্যবিদ্যালয় রিপোর্টার

ঢাকা আলিয়া মদ্রাসা ছাত্রলীগের সাধারণ সম্পাদকসহ ৬ ছাত্রকে শিবির আখ্যা দিয়ে মারধর করেছে ঢাকা বিদ্যবিদ্যালয়ের ছাত্রলীগ কর্মীরা। মঙ্গলবার গভীর রাতে বিদ্যবিদ্যালয়ের মুহসীন হলের সাধারণ সম্পাদক মেহেদী হাসান গ্রুপের কর্মীরা এ ঘটনা ঘটায়। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মঙ্গলবার রাত ১২টার দিকে ঢাকা আলিয়া মদ্রাসা শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাকিব হাসানের কয়েকজন কর্মী সোহরাওয়ার্দী উদ্যানে একাকায় ঘুরতে আসে। এ সময় মুহসীন হল ছাত্রলীগের সাধারণ সম্পাদক মেহেদীর অনুসারী ৮-১০ জন কর্মী উদ্যানে প্রবেশ করেন। তারা আলিয়া মদ্রাসার ছাত্রলীগের কর্মীদের পরিচয় না জেনেই মারধর শুরু করেন। একপর্যায়ে তারা আনিয়ার ছাত্রদের কাছ থেকে মানিব্যাগ এবং মোবাইল ফোন হিনজাই করেন। পরে রাত আড়াইটায় বিষয়টি সুরাহা করতে মদ্রাসার ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাকিব তিনি চত্বরের সামনে আসেন। এ সময় তিনি মুহসীন হল ছাত্রলীগের কর্মীদের সঙ্গে সমঝোতার চেষ্টা করতে চাইলে জেকেও মারধর করা হয়। একপর্যায়ে রাকিবের কাছ থেকেও মোবাইল ফোন এবং মানিব্যাগ ছিনিয়ে নেয়া হয়। পরে রাকিবকে শিবির আখ্যা দিয়ে মুহসীন হলের অতিরি কক্ষে নিয়ে গিয়ে দ্বিতীয় দফায় মারধর করা হয়।